OFFICE OF THE
DISTRICT MAGISTRATE & COLLECTOR
SOUTH 24 PARGANAS
Office: 12, Biplabi Kanai Bhattacharya Sarani, Alipore, Kolkata - 700 027
Phone: 033-2449 9944 / 2479 1694, Fax: 033-2448 7871
Email: dm.south24parganas@gmail.com, dm-ali@nic.in

Memo No. 1059 /ICDS/DPO-S24 Pgs. Date: 11.09.2023

From: The District Programme Officer(ICDS)
South 24 Parganas.

To: The Director of ICDS,
Govt. of West Bengal,
Shaishali Complex,
Salt Lake City, Kolkata-700064.

Sub:- Deputation of Paschimbanga Anganwadikarmi o Sahaika Kalyan Samity.

Ref:- Memo No.63/PBAKSKS/WB of Dated: 08/09/2023 of Paschimbanga Anganwadikarmi o Sahaika Kalyan Samity.

Madam,

With reference to above subject matter, The Deputation Copy of Paschimbanga Anganwadikarmi o Sahaika Kalyan Samity which will speak for itself is hereby forwarded for kind perusal.

Enclo:-As stated.

Yours faithfully
11/09/23
District Programme Officer (ICDS),
South 24 Parganas.

Memo No. 1059/1(4) /ICDS/DPO-S24 Pgs. Date: 11.09.2023

Copy forwarded for information to:-
1) The Child Development Project Officer, All ICDS Project, South 24 Parganas.
2) C.A. to Additional Secretary, Deptt. Of WCD & SW for kind appraisal.
3) C.A. to District Magistrate, South 24 Parganas for kind appraisal.
4) C.A. to Additional District Magistrate in charge of ICDS, South 24 Parganas for kind appraisal.

11/09/23
District Programme Officer (ICDS),
South 24 Parganas.

Mr. Abhijit Bagchi
pls forward

পশ্চিমবঙ্গ অঙ্গনওয়াড়ীকর্মী ও সহায়িকা কল্যাণ সমিতি

রেজিঃ নং - এস/২এল/৪৮০৪৩
নেতাজীনগর এ ব্লক, পিয়ালী টাউন, বারুইপুর, দঃ ২৪ পরগণা

মুখ্য উপদেষ্টা: শ্রী সুবীর সাহা
সভাপতি: শ্রী অঞ্জন মন্ডল
কার্য্যকরী সভাপতি: মৌসুমী ঘোষ, আসমা সেখ
সাধারণ সম্পাদক: মৌমিতা রাহা, কল্পনা ছেত্রী

: 8296067322 / 8240804500
: aww.awh.kalyansamiti@gmail.com

স্মারক সংখ্যা - 63/PBAKSKS/WB

তারিখ 08/07/2023

To
The Principal secretary,
Department of Women- Child and social welfare
10th floor, Bikash Bhavan
Sector-I,Salt Lake City,
Kolkata-700091

বিষয় :- সারা বাংলার ৪১৬ (৫৭৬) টি সুসংহত শিশু বিকাশ প্রকল্পের পরিষেবা সঠিক ও নিরবিচ্ছিন্ন ভাবে পৌছে দিতে (জেলা দঃ ২৪ পরগনা প্রকল্প আধিকারিক ..... এর মাধ্যমে স্মারক লিপি প্রদান।

মহাশয়া,

আমাদের সংগঠনের পক্ষ হতে সবিনয় নিবেদন যে, সারা বাংলায় ৪১৬ (৫৭৬) টি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প ও ১ লক্ষ ১৬ হাজার কেন্দ্র আনুমানিক ২ লক্ষ কর্মী ও সহায়িকাদের অক্লান্ত চেষ্টা-পরিশ্রমের মাধ্যমে ০-৬ বছরের শিশু এবং গর্ভবতী- প্রসূতি মায়েদের পরিষেবা প্রদানের কাজ করে চলেছে। এই মহান কাজ সান্মানিক ভাতার বিনিময়ে বহু সমস্যা- প্রতিবন্ধকতার সাথে করে চলেছে। এই সমিতি সমস্যার সমাধানের জন্য অধিকার ও দাবীর বিষয়ে বিভিন্ন সময়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষন করার চেষ্টা করেছে কিন্তু দুর্ভাগ্য বশত: কোন ফল পাওয়া যায়নি (বিশেষ ভাবে গত ৮/২ /২০২১ ও ১১/৪/২০২২ আপনাকে স্মারক লিপি প্রদান করার মাধ্যমে)। সমিতি পুন:রায় নিম্ম লিখিত বিষয়ে অবগত করার মধ্যে দিয়ে সঠিক পরিকল্পনা, সমস্যার সমাধান, অধিকার ও দাবী পুরনসহ সম্মানের সাথে কাজ করার

পশ্চিমবঙ্গ অঙ্গনওয়াড়ীকর্মী ও সহায়িকা কল্যাণ সমিতি

রেজিঃ নং - এস/২এল/৪৮০৪৩

নেতাজীনগর এ ব্লক, পিয়ালী টাউন, বারুইপুর, দঃ ২৪ পরগণা

মুখ্য উপদেষ্টা: শ্রী সুবীর সাহা | সভাপতি: শ্রী অঞ্জন মন্ডল | কার্যকরী সভাপতি: মৌসুমী ঘোষ, আসমা সেখ | সাধারণ সম্পাদক: মৌমিতা রাহা, কল্পনা ছেত্রী

8296067322 / 8240804500

aww.awh.kalyansamiti@gmail.com

স্মারক সংখ্যা - তারিখ.....

পরিবেশ ফিরিয়ে দিয়ে পরিষেবা প্রদান করার নিবেদন করি।

আশা করি আপনার মহানুভবতা দিয়ে নিম্ম লিখিত বিষয় গুলি অনুধাবন করে গঠনমূলক আলোচনার মধ্যে দিয়ে সমস্যার সমাধান,দাবী পুরন, অধিকার ফিরিয়ে দিয়ে কাজের পরিবেশে সম্মানের সাথে কাজ করার ব্যবস্থা গ্রহন করবেন। অন্যথায় সংগঠন বৃহত্তর আন্দোলনের পথ অনুসরণ করতে বাধ্য হবে।

সমস্যা-অধিকার-দাবী ও প্রস্তাব

১. মূল্য বৃদ্ধির সাথে সামঞ্জস্য বজায় রেখে অন্যান্য উন্নত রাজ্যের ন্যায় অ্যাডিশনাল অনারিয়াম বৃদ্ধি করতে হবে (নূন্যতম মজুরী ২১০০০/- কর্মী ও ১৮০০০/- সহায়িকাদের বৃদ্ধি করার প্রস্তাব রাখছি)। বিশেষ ভাবে উল্লেখ করি গত ২০১৯ সালের পর অনারিয়াম/ অ্যাডিশনাল অনারিয়াম বৃদ্ধি হয়নি।

২. প্রতি মাসের পয়লা তারিখে অনারিয়াম/ অ্যাডিশনাল অনারিয়াম দিতে হবে।

৩. অবিলম্বে পশ্চিমবঙ্গের সমস্ত অঙ্গনওয়াড়ী কেন্দ্র গুলি জাতীয় শিক্ষা নীতি ২০২০ অনুযায়ী চালু করতে হবে ও অঙ্গনওয়াড়ী কর্মী এবং সহায়িকাদের উপযুক্ত সম্মান দিতে হবে।

৪. ২০১৯ সুপারভাইজার পদের নিয়োগের নোটিফিকেশন অনুযায়ী ৩৩৭৬ পদে যে নিয়োগ প্রক্রিয়া চলছে সেই নিয়োগ প্রক্রিয়ায় ১৬৮৮ সুপারভাইজার পদে অঙ্গনওয়াড়ী কর্মীদের পাওয়ার কথা কিন্তু তাদের মাত্র ৪২০ পদের জন্য পদন্নোতি দেওয়ার প্রক্রিয়া চলছে। কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের সুপারভাইজার নিয়োগ প্রক্রিয়ার আদেশনামা অনুযায়ী ৫০% অর্থাৎ ১৬৮৮ পদে অঙ্গন ওয়াড়ী কর্মীদের পদন্নোতি দিতে হবে।

৫.রাজ্যের বিভিন্ন প্রকল্পের অঙ্গনওয়াড়ী কর্মীদের শূন্য পদে সহায়িকা হতে ১০০% পুরন করতে হবে।

৬. পোষন অভিযানের কাজের জন্য কর্মীদের উপযুক্ত স্মার্ট ফোন, রিচার্জ খরচ,ইন্সেন্টিভ ও প্রশিক্ষন দিতে হবে। অবিলম্বে রাজ্যের বিভিন্ন প্রকল্পের সুপারভাইজার ও সিডিপিও মহাশয় দ্বারা অঙ্গনওয়াড়ী কর্মীদের বলপূর্বক ও ভয় দেখিয়ে কাজ করানো বন্ধ করতে হবে। অঙ্গনওয়াড়ীকর্মীদের প্রতি সুপারভাইজার ও সিডিপিও দের এই অসম্মান জনক ব্যবহার চলতে থাকলে সংগঠন বাধ্য হবে আদালতের দ্বারস্থ হতে। আগামী ৩০ শে

পশ্চিমবঙ্গ অঙ্গনওয়াড়ীকর্মী ও সহায়িকা কল্যাণ সমিতি

রেজিঃ নং - এস/২এল/৪৮০৪৩

নেতাজীনগর এ ব্লক, পিয়ালী টাউন, বারুইপুর, দঃ ২৪ পরগণা

মুখ্য উপদেষ্টা: শ্রী সুবীর সাহা | সভাপতি: শ্রী অঞ্জন মন্ডল | কার্য্যকরী সভাপতি: মৌসুমী ঘোষ, আসমা সেখ | সাধারণ সম্পাদক: মৌমিতা রাহা, কল্পনা ছেত্রী

: 8296067322 / 8240804500

: aww.awh.kalyansamiti@gmail.com

স্মারক সংখ্যা -

তারিখ.....

সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে স্মার্ট ফোন, রিচার্জ খরচ, ইন্সেন্টিভ এই সংক্রান্ত সমস্যার সমাধান না হয় তাহলে ১লা অক্টোবর ২০২৩ হতে সংগ্রামী যৌথ মঞ্চের ডাকে পশ্চিমবঙ্গ অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা কল্যান সমিতি ডিজিটাল স্ট্রাইক এর সিদ্ধান্ত নিতে বাধ্য হবে।

৭. অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকাদের সামাজিক সুরক্ষার (প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি এবং পেনশন) ব্যবস্থা করতে হবে। ইতি মধ্যে সুপ্রীম কোর্ট গ্র্যাচুইটি প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট আদেশনামা দিয়েছে।

৮. ৬৫ বছরে ছাটাই শব্দের অবলুপ্তি ঘটিয়ে সকল কর্মী/সহায়িকাদের জন্য ৫ লক্ষ টাকা ক্ষতি পূরন দিতে হবে। ২০১৪ হতে সেপ্টে:২০২০ অবধি ছাটাই হওয়া করুন দূরাবস্থায় থাকা কর্মী ও সহায়িকাদের ৩ লক্ষ টাকা ক্ষতি পূরন দিতে হবে।

৯. প্রতি কেন্দ্র প্রতি ঘরে জল প্রকল্পের অন্তর্ভূক্ত করে প্রতি কেন্দ্রে পানীয় জলের ব্যবস্থা করতে হবে।

১০. সুষ্ঠ ভাবে পরিষেবা পৌছে দিতে কেন্দ্র পরিচালনা করতে বর্তমান অগ্নিমূল্য বাজার দরের সাথে সামঞ্জষ্য রেখে সবজী-জ্বালানী-তেল-নুন-হলুদ ও অন্যান্য সামগ্রীর মুল্য প্রতি মাসের পয়লা তারিখে বকেয়া বিল দিতে হবে। কর্মীদের নিজের টাকা খরচ করে ২/৩ মাস কেন্দ্রে খাওয়ার চালানো সম্ভব নয়। অন্যথায় কেন্দ্রে খাওয়ার স্বাভাবিক রাখতে সমস্ত কিছু অফিস থেকে সরবরাহ করে কেন্দ্র সচল রাখতে হবে। অন্যথায় সংগঠন রান্না বন্ধ করার সিদ্ধান্ত নিতে বাধ্য হবে।

১১. প্রতি বছর সকল স্তরের কর্মী ও সহায়িকাদের ২০০/- ইক্রিমেন্ট দিতে হবে (কোন আদেশনামা বলে ইক্রিমেন্ট বন্ধ করা হলো তা সমিতিকে জানাতে হবে)।

১২. প্রতি সেন্টার আধুনিক শিক্ষার উপযুক্ত করে সমস্ত সুবিধাসহ গড়ে তুলতে হবে (পাকা ঘর,শৌচালয়,পানীয় জল ও খেলার জায়গাসহ)।

১৩. বাস্তব সম্মত সেন্টারের ঘর ভাড়া দিতে হবে(আদেশনামা থাকা সত্ত্বেও এখনও দেওয়া হয় না)।

১৪. চাল-ডালের গুনগত মানসহ সঠিক ওজনের বস্তায় চাল-ডাল সরবরাহ করতে হবে।

পশ্চিমবঙ্গ অঙ্গনওয়াড়ীকর্মী ও সহায়িকা কল্যাণ সমিতি

রেজিঃ নং - এস/২এল/৪৮০৪৩

নেতাজীনগর এ ব্লক, পিয়ালী টাউন, বারুইপুর, দঃ ২৪ পরগণা

মুখ্য উপদেষ্টা: শ্রী সুবীর সাহা
সভাপতি: শ্রী অঞ্জন মন্ডল
কার্য্যকরী সভাপতি: মৌসুমী ঘোষ, আসমা সেখ
সাধারণ সম্পাদক: মৌমিতা রাহা, কল্পনা ছেত্রী

: 8296067322 / 8240804500

: aww.awh.kalyansamiti@gmail.com

স্মারক সংখ্যা - তারিখ.....

১৫. কর্মরত অবস্থায় মৃত্যুকালিন ক্ষতিপূরন দিতে হবে।
১৬. মডেল কেন্দ্রে অ্যাডিশনাল কর্মী নিয়োগ করতে হবে।
১৭. বীমা ও বৃত্তির অর্থ প্রদান করতে হবে (আদেশনাম থাকা সত্তেও অধিকার হতে বঞ্চিত করা হচ্ছে)।
১৮. প্রতি বছর আদেশনামা অনুযায়ী গুনগতমান সহ শাড়ি দিতে হবে (আনুসঙ্গিকবস্ত্রসহ)
১৯. পরিচয় পত্র প্রদান করতে হবে।
২০. মেডিকেল লিভ চালু করতে হবে।
২১. সাইকেল দিতে হবে / কেন্দ্রের জন্য ট্রাভেল অ্যালাউন্স দিতে হবে ।
২২. ইচ্ছার বিরুদ্ধে গিয়ে প্রতি হিংসামুলক ও শাস্তিমুলক বদলী করা যাবে না।
২৩. বিবাহ সূত্রে অথবা পারিবারিক সমস্যার জন্য আবাসিক স্থানে বদলীর ক্ষেত্রে ব্লক থেকে ব্লকে/জেলা হতে জেলায় বদলীর আদেশ সরলীকরন করতে হবে।
২৪. হিল অ্যালাউন্স দিতে হবে ।
২৫. প্রতিটি এন.জি.ও প্রকল্পকে জি.ও প্রকল্প -এ বদল করতে হবে ।

স্মারক সংখ্যা - 63/PBAKSKS/WB তাং-08/09/2023

ধন্যবাদান্তে

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রেরন করা হলো:-

১. মাননীয়া, শ্রীমতি শশী পাঁজা মহাশয়া, সম্মানীয়া মন্ত্রী, নারী-শিশু ও সমাজ কল্যান দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।
২. মাননীয় ....., আই.এ.এস, সচিব, নারী-শিশু ও সমাজ কল্যান দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।
৩. মাননীয়া রচনা ভকত মহাশয়া, অধিকর্তা, শিশু বিকাশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।
৪. জেলা প্রকল্প আধিকারিক ....দঃ২৪ পরগনা....
৫. শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, ...জেলা।

পঃ বঃ অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা কল্যাণ সমিতি
রেজিঃ নং - এস/২এল/৪৮০৪৩

ধন্যবাদান্তে

Pampa Das